

















### ০১ রাশিয়ায় পুরস্কৃত ‘আম কাঁঠালের ছুটি’

মোহাম্মদ নূরুজ্জামান পরিচালিত ‘আম কাঁঠালের ছুটি’ সিনেমাটি রাশিয়ার চেবাক্সারি আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যালের ষোড়শ আসরে স্পেশাল জুরি অ্যাওয়ার্ড জিতেছে। শিশুতোষ চলচ্চিত্র ‘আম কাঁঠালের ছুটি’ নির্মিত হয়েছে শরীফ উদ্দিন সবুজের ছোটগল্প অবলম্বনে। সিনেমাটির আন্তর্জাতিক সংস্করণের নামকরণ করা হয়েছে ‘সামার হলিডে’। বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন লিয়ন, জুবায়ের, আরিফ, হালিমা ও তানজিল।

### ০২ রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হলেন ডলি জহুর

রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগে শিক্ষক হিসেবে যুক্ত হয়েছেন নন্দিত অভিনেত্রী ডলি জহুর। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে অন্যদের মধ্যে আরও যুক্ত আছেন, দেশবরেণ্য সংগীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা, প্রখ্যাত নাট্যব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, ফেরদৌসি মজুমদার, আসাদুজ্জামান নূর, তারিক আনাম খান, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফ্যাশন আইকন বিবি রাসেল, বিশিষ্ট অভিনেত্রী শম্পা রেজা, নন্দিত নৃত্যশিল্পী লায়লা হাসান, শিবলী মোহাম্মদ ও শামীম আরা নীপা।

### ০৩ ২০০ কোটির ক্লাবে ঐশরীয়ার ছবি

ঐশ্বরিয়া রায় অভিনীত ‘পোন্নিয়িন সেলভান ২’ সিনেমাটি বক্স অফিসে ঝড় তুলেছে। মণিরত্নম পরিচালিত এ সিনেমাটি মুক্তির মাত্র তিনদিনের মধ্যেই তুলে ফেলেছিল ৮০ কোটি টাকা। তারপর ১০০ কোটির ক্লাবে ঢুকে পড়ে। এ সিনেমার প্রোডাকশন হাউস লাইকার সূত্রমতে, বিশ্বজুড়ে ২০০ কোটি আয় করেছে এ আলোচিত সিনেমাটি। যার মূল কাহিনী দক্ষিণ ভারতের ইতিহাস ঘিরে। অষ্টম শতকে চোল সাম্রাজ্যের ওঠাপড়া এবং সিংহাসন দখলের লড়াই ঘিরেই আবর্তিত হয়েছে সিনেমার প্রেক্ষাপট।

### ০৪ দীর্ঘ বিরতির পর মঞ্চে রুনা লায়লা

অনেক দিন মঞ্চ থেকে দূরে ছিলেন রুনা লায়লা। করোনা শুরুর পর থেকে নিজেকে ঘরবন্দী করে রেখেছিলেন। সর্বশেষ দুই বছর আগে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাংলাদেশ সফর অনুষ্ঠানে গেয়েছিলেন। এরপর আবারও মঞ্চ থেকে বিরতি নেন। এবার মা দিবস উপলক্ষ্যে রাজধানীর র‍্যাডিসন হোটেলে একটি এয়ারলাইনসের বাৎসরিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন তিনি।

### ০৫ সম্মাননা পেলেন এনামুল কবির ও লিলি ইসলাম


করিস নে লাজ, করিস নে ভয়, আপনাকে তুই করে নে জয়; রবীন্দ্রনাথের এই অমিয় বাণী সামনে নিয়ে ১২-১৩ মে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয় ৩৪তম জাতীয় রবীন্দ্রসংগীত উৎসব। সংগীতে অবদানের স্বীকৃতি হিসেবে এবারের উৎসবে সম্মাননা দেওয়া হয় দুই গুণী শিল্পীকে। তারা হলেন হাওয়াইয়ান গিটারশিল্পী এনামুল কবির ও রবীন্দ্রসংগীতশিল্পী লিলি ইসলাম।

### ০৬ অ্যানিমেশন ফিল্ম নির্মাণ করলেন গায়ক উপল

উপল সেনগুপ্ত গায়ক, সুরকার। চন্দ্রবিন্দু ব্যান্ডের হয়ে শ্রোতাদের মুগ্ধ করছেন তিন দশকের বেশি সময় ধরে। আর্ট কলেজের ছাত্র ছিলেন, ভালোবাসেন ছবি আঁকতে। কার্টুনিস্ট হিসেবেও তাঁর জনপ্রিয়তা আছে। গানের মানুষ উপল এবার আসছেন নতুন পরিচয়ে। নির্মাতা হিসেবে। ‘মরীচিকা’ নামে একটি স্বল্পদৈর্ঘ্য অ্যানিমেশন ফিল্ম বানিয়েছেন তিনি। তার লেখা গল্প ও পরিচালনায় এর অ্যানিমেশন করেছেন পুষণ চক্রবর্তী। সংগীত পরিচালনায় আছেন প্রবুদ্ধ বন্দ্যোপাধ্যায়।













**০৭ এক দশক পর একসঙ্গে হৃদয় খান ও জীবন**

সংগীততারকা হৃদয় খান ও গীতিকবি রবিউল ইসলাম জীবনের পরিচয় বহু বছরের। একসঙ্গে বেশ কিছু গান উপহার দিয়েছেন জীবন-হৃদয়। হৃদয়ের তুমুল জনপ্রিয় অ্যালবাম 'ভালো লাগে না'য় জীবনের লেখা তিনটি গান ছিল। গত এক দশকে নতুন কোনো গানে পাওয়া যায়নি এই জুটিকে। ১৯ মে প্রকাশ পায় 'অভিমান' শিরোনামের গানটি। কথা লিখেছেন রবিউল ইসলাম জীবন। কণ্ঠের পাশাপাশি সুর-সংগীত করেছেন হৃদয় খান।

**০৮ জি ফাইভের সঙ্গে পাঁচ বছরের চুক্তি সালমানের**

জি ফাইভের সঙ্গে পাঁচ বছরের চুক্তি করেছেন অভিনেতা সালমান খান। এই সময়ের মধ্যে সালমান খানের যত সিনেমা মুক্তি পাবে, বড় পর্দার পর এই ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি দেওয়া হবে। তবে 'টাইগার ৩' সিনেমা ছাড়া। শেষবার এ ধরনের চুক্তিতে সালমান খান ৪০০ থেকে ৫০০ কোটি রুপি নিয়েছিলেন। এই চুক্তির আওতায় ২৬ মে মুক্তি পায় 'কিসি কা ভাই কিসি কি জান'।

**০৯ ঢাকায় আসছেন অনুপম রায়**

এবার ঢাকার মঞ্চ মাতাতে আসছেন পশ্চিমবঙ্গের জনপ্রিয় সংগীতশিল্পী অনুপম রায়। আগামী ৬ জুলাই ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় 'ম্যাজিক্যাল নাইট' শীর্ষক কনসার্টের আয়োজন করছে ট্রিপল টাইম কমিউনিকেশনস। অনুপম ছাড়াও ভারতীয় ব্যান্ড তালপাতার সেপাই, কোক স্টুডিও বাংলার সংগীত প্রযোজক শায়ান চৌধুরী অর্ণব এবং বাংলাদেশি ব্যান্ড মেঘদল পারফর্ম করবে।

**১০ উর্বশী রাউটেলার নেকলেসের দাম ২৭৬ কোটি টাকা!**

৭৬তম কান ফিল্ম ফেস্টিভ্যালে পা রেখেছিলেন বলিউড অভিনেত্রী উর্বশী রাউটেলা। সেখানে তার গেটআপ নিয়ে হয় মারাত্মক রকমের ট্রোলিং। তাকে ট্রোলড হতে হয় গলায় পরে থাকা নেকলেসের কারণে। গোলাপি বল গাউনে পুরো ডিজনি প্রিন্সেস লাগছিল তাকে। উর্বশীর গলায় এই জোড়া কুমির নেকলেসটির দাম ছিল ২০০ কোটি টাকা। তবে উর্বশী তা গলায় পরার পর দাম বেড়ে হয়েছে ২৭৬ কোটি টাকা।

**১১ কান উৎসবে প্রথমবার বাংলাদেশের স্টল**

এবারে প্রথমবার বাংলাদেশের অফিশিয়াল স্টল বসানো হয়। উৎসবটির বাণিজ্যিক বিভাগ মার্শে দ্যু ফিল্মে বাংলাদেশের চলচ্চিত্র শিল্পকে আন্তর্জাতিক মঞ্চে তুলে ধরার প্রয়াস চালানো হয়। এবারের কান উৎসবের উদ্বোধন ঘোষণা করেন দুবারের অস্কারজয়ী অভিনেতা মাইকেল ডগলাস। ১৬ মে শুরু হয় কান চলচ্চিত্র উৎসবের ৭৬তম আসর। উৎসবের বাণিজ্যিক বিভাগ মার্শে দ্যু ফিল্মে বিশ্বের বিভিন্ন দেশের স্টল বসে।

**১২ কোক স্টুডিওতে 'নদীর কূল নাই'**

'নদীর কূল নাই' শিরোনামের নতুন গান ২৫ মে রিলিজ দিয়েছে কোক স্টুডিও বাংলা। শায়ান চৌধুরী অর্ণবের সংগীতায়োজনে এতে কণ্ঠ দিয়েছেন রিপন কুমার সরকার। যিনি ভক্ত-অনুরাগীদের কাছে বগা তালেব নামেই বেশি পরিচিত। গানটিতে আরও আছেন জ্যাজ শিল্পী ইদ্রিস। 'নদীর কূল নাই কিনার নাই রে' গানটির মূল শিল্পী আব্বাসউদ্দীন। লিখেছেন পল্লিকবি জসীম উদ্দীন। এ গানের আধুনিক সংস্করণ শোনা গেছে কোক স্টুডিও বাংলায়। মূলত এটি ভাটিয়ালি গান।














### ১৩ বিয়ে করলেন অভিনেতা আশিষ বিদ্যার্থী

২৫ মে আবারো বিয়ে করলেন জনপ্রিয় অভিনেতা আশিষ বিদ্যার্থী। কলকাতার এক ক্লাবে ছিমছাম অনুষ্ঠানের মধ্য দিয়ে বিবাহবন্ধনে আবদ্ধ হন তিনি। পাত্রী ব্যবসায়ী রুপালি বড়ুয়া। কলকাতায় রুপালির একটি ফ্যাশন হাউজ রয়েছে। তবে তিনি আসামের মেয়ে। ৬০ বছর বয়সে দ্বিতীয়বার বিয়ে করে আশিষ সংবাদমাধ্যমকে বলেন, জীবনের এই পর্যায়ে এসে রুপালিকে বিয়ে করাটা এক অদ্ভুত অনুভূতি।

### ১৪ বাংলাদেশি ওয়েব সিরিজ তাকদীরের তেলুগু রিমেক

চঞ্চল চৌধুরী অভিনীত ও সৈয়দ আহমেদ শাওকী পরিচালিত আলোচিত ওয়েব সিরিজ ‘তাকদীর’ ভারতের জনপ্রিয় স্ট্রিমিং প্লাটফর্ম হইচইয়ে মুক্তি পেয়েছিল ২০২০ সালে। সিরিজটি এবার তেলুগু ভাষায় রিমেক হচ্ছে। তেলুগু রিমেক ভার্সন দেখা যাবে ডিজনি প্লাস হটস্টার-এ। চঞ্চল চৌধুরীর চরিত্রে অভিনয় করেছেন রাম গোপাল ভার্মার ক্লাসিক গ্যাংস্টার ফিল্ম ‘সত্য’র মূল অভিনেতা জেডি চক্রবর্তী। সিরিজটি পরিচালনা করেছেন পবন সাদিনেনি।

### ১৫ রাজা তৃতীয় চার্লসের অভিষেকে গাইলেন মাশা

যুক্তরাজ্যের রাজতন্ত্রের ৪০তম সিংহাসন আরোহীর রাজ্যাভিষেকের একটি দলীয় সংগীতে অংশ নিয়েছিলেন বাংলাদেশের তরুণ সংগীতশিল্পী মাশা ইসলাম। রাজার সম্মানে বিবিসির আয়োজনে ইংরেজ গায়ক স্টিভ উইনউডের বিখ্যাত গান ‘হায়ার লাভ’ পরিবেশন করেন কমনওয়েলথের ৫৬ সদস্য রাষ্ট্রের শিল্পীরা। বাংলাদেশের প্রতিনিধি হিসেবে মাশাকে মনোনীত করে ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ। রাজা তৃতীয় চার্লসের সম্মানে আয়োজিত দলগত গানে ভার্চুয়ালি অংশ নিয়েছেন মাশা ইসলাম।

### ১৬ আরিয়ান ও ইব্রাহিম অভিষেকের অপেক্ষায়

এবার পর্দায় অভিষেকের প্রহর গুনছেন দুই খানপুত্র। একজন শাহরুখ খানের ছেলে আরিয়ান খান, অন্যজন সাইফ আলী খানের ছেলে ইব্রাহিম আলী খান। ইব্রাহিমের অভিষেক পর্দার সামনে হলেও আরিয়ানের অভিষেক হচ্ছে পর্দার পেছনের কারিগর হিসেবে। ‘স্টারডম’ নামের ছয় পর্বের ওয়েব সিরিজ নির্মাণ করেছেন শাহরুখ পুত্র আরিয়ান খান। অন্যদিকে, মা-বাবা ও বোনের পথ ধরে অভিনয় দিয়েই বলিউডে আগমন ঘটছে ইব্রাহিম আলী খানের।

### ১৭ বিয়ে করেছেন সংগীত শিল্পী ইমরান মাহমুদুল

জীবনের নতুন অধ্যায়ে পা রাখলেন গায়ক ও সংগীত পরিচালক ইমরান মাহমুদুল। ২৪ মে প্রেম-বিয়ে নিয়ে জল্পনাকল্পনার অবসান ঘটিয়েছেন গায়ক ইমরান মাহমুদুল। তার স্ত্রীর নাম মেহের আয়াত জেরিন। পারিবারিকভাবেই বিয়ের আয়োজন হয়েছে। বড় পরিসরে আগামী নভেম্বরে বিবাহোত্তর সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে জানান হয়েছে।

### ১৮ চলে গেলেন কিংবদন্তি টিনা টার্নার

টিনা টার্নার ২৪ মে সুইজারল্যান্ডে কুসনাখতে নিজবাড়িতে ৮৩ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ৫০র দশকে টিনা তার রক এন রোল ক্যারিয়ার শুরু করেন। এমটিভি’র প্রচার শুরুর পর তিনি সারা বিশ্বে তুমুল জনপ্রিয়তা পান। ‘কুইন অব রক এন রোল’ নামে পরিচিত টিনা ৮০র দশকে ৬ বার গ্র্যামি অ্যাওয়ার্ড জেতেন। পরে আরও ২ বারসহ মোট ৮ বার তিনি এই খেতাব জিতেছেন। ৮০র দশকে তার ১২টি গান শীর্ষ ৪০ গানের তালিকায় স্থান পায়, যার মধ্যে আছে ‘টিপিকাল মেইল’, ‘দ্য বেস্ট’, ‘প্রাইভেট ড্যান্সার’ ও ‘বেটার বি গুড টু মি’। ব্রাজিলে ১৯৮৮ সালে তার কনসার্টে ১ লাখ ৮০ হাজার মানুষ যোগ দেন, যা ছিল নতুন একটি রেকর্ড।